মুন্সীগঞ্জে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, গুলিবিদ্ধ ৫



ছবি: সংগৃহীত

মুন্সীগঞ্জের সদর উপজেলার মোল্লাকান্দিতে আধিপত্য বিস্তার ও আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১২ নভেম্বর) ভোররাত থেকে সকাল ৯টা পর্যন্ত কয়েক দফায় চলা সংঘর্ষে পাঁচজন গুলিবিদ্ধ হয়েছেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মোল্লাকান্দি ইউনিয়ন বিএনপির সাবেক সহসভাপতি আওলাদ মোল্লা ও বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত রহিম মোল্লার মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। এলাকায় আধিপত্য বিস্তারের পাশাপাশি আসন্ন ইউপি নির্বাচনে চেয়ারম্যান পদে দুজনেরই প্রতিদ্বন্দ্বিতার প্রস্তুতি থাকায় সম্প্রতি বিরোধ আরও তীব্র হয়।

এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার ভোররাতে এক পক্ষের ওপর অন্য পক্ষ হামলা চালালে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। এ সময় দুই পক্ষের মধ্যে গোলাগুলির পাশাপাশি ককটেল বিস্ফোরণের ঘটনাও ঘটে। এতে পাঁচজন গুলিবিদ্ধ হন। আহতদের মুন্সীগঞ্জ সদর হাসপাতালে নেওয়া হয়েছে।

সংঘর্ষের খবর পেয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে যান। ঘটনার পর এলাকায় উত্তেজনা ও থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

এ বিষয়ে বক্তব্য জানতে আওলাদ মোল্লা ও রহিম মোল্লার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁদের পাওয়া যায়নি।